

সিভিল এভিয়েশনে দুদকের আকস্মিক পরিদর্শন

(অভিযানের তারিখ : ২২ জুলাই, ২০১৮ খ্রি:)



বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের প্রাতিষ্ঠানিক কার্যক্রম সম্পর্কে অবহিত হতে উপপরিচালক হেলালউদ্দিন শরীফ -এর নেতৃত্বে তিন সদস্যের একটি টিম আজ (২২/০৭/২০১৮ ইং) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের প্রধান কার্যালয় পরিদর্শন করে। উল্লেখ্য, বিগত ২২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে দুদক কল সেন্টারে (১০৬) অভিযোগের ভিত্তিতে প্রতিষ্ঠানটির নানাবিধ অনিয়ম খতিয়ে দেখতে দুদকের একটি টিম উল্লিখিত দপ্তর পরিদর্শন করে পরিস্থিতির উন্নতিকল্পে পরামর্শ ও দিকনির্দেশনা প্রদান করেছিল। সে আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে জানতে চাইলে আজ অভিযানকারী দলকে জানানো হয়, সংস্থার কেনাকাটা শতভাগ ই-টেন্ডারিংএর মাধ্যমে সম্পন্ন হচ্ছে। এ ছাড়া বিমান উড্ডয়ন সংক্রান্ত বিভিন্ন তথ্যাবলী সাউন্ড সিস্টেমের মাধ্যমে নিয়মিতভাবে যাত্রীদের অবহিত করা হচ্ছে। তবে ভিআইপি যাত্রীদের জন্য ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে ফ্লাইট আসা-যাওয়ার তথ্যাবলী প্রদর্শন করা হচ্ছে। অভিযানকারী দল সরেজমিন পরিদর্শনে দেখতে পায়, প্রতিষ্ঠানটির ১৯৮৫ সাল হতে অদ্যাবধি ৩৫৬৭টি অডিট আপত্তির মধ্যে ২৩৬১ আপত্তি নিষ্পত্তি হয়েছে। তবে ১২১০টি আপত্তি এখনো অনিষ্পন্ন অবস্থায় আছে, এ বিষয়ে দুদক টিম অসন্তোষ ব্যক্ত করেন।

এ অভিযান পরিচালনা প্রসঙ্গে এনফোর্সমেন্ট অভিযানেরস মন্বয়কারী দুদকের মহাপরিচালক (প্রশাসন) মোহাম্মাদ মুনীর চৌধুরী জানান, "দুদক সরকারি প্রতিষ্ঠানসমূহের গভর্নেন্সের মানোন্নয়নে নিয়মিত অভিযান ও পরিদর্শন তৎপরতা চালাচ্ছে। প্রতিষ্ঠানগুলো সুশাসনে সমৃদ্ধ হোক এটাই দুদকের প্রত্যাশা। "